ভোরের কাগজ

193

তারিখ ... ... ... DEC. 2 3 1999
পৃষ্ঠা ১০ কলাম ২ ......

# ঢা.বি. শিক্ষক সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দ

**কাগজ প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের বার্ষিক নির্বাচন গত মঙ্গলবার সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত 'নীল' প্যানেল সভাপতিসহ ৮টি এবং বিএনপি ও জামাত সমর্থিত সাদা প্যানেল সাধারণ সম্পাদকসহ ৭টি পদে জয়লাভ করেছে।

সভাপতি পদে আমিনুর রশীদ ও সাধারণ সম্পাদক পদে ফেরদৌস হোসেন এবং সহসভাপতি পদে নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক আনোয়ার হোসেন।

কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ।

সমিতির কার্যকরী পরিষদের ১০টি সদস্য পদের মধ্যে 'নীল' প্যানেল ৬টি এবং সাদা প্যানেল ৪টি পেয়েছে।

নীল প্যানেল থেকে নির্বাচিত সদস্যরা হচ্ছেন কলা অনুষদের ডিন ড. কাজী শহীদুল্লাহ (৬২৮), ইতিহাসের সহযোগী অধ্যাপক শরীফুল্লাহ ভুঁইয়া (৫০৭), পদার্থবিজ্ঞানের অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ (৫০৬), বাংলার অধ্যাপক মনিরুজ্জামান (৪৯৪), উদ্ভিদবিজ্ঞানের অধ্যাপক নওশের আলী খান (৪৮৮), ও লোকপ্রশাসনের অধ্যাপক সৈয়দ গিয়াস উদ্দিন আহমেদ (৪৮৮)।

সাদা প্যানেল থেকে নির্বাচিত সদস্যরা হলেন বর্তমান সভাপতি ও পদার্থবিজ্ঞানের অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার (৫৪৯), মৃত্তিকা বিজ্ঞানের অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী (৫০৯), উদ্ভিদ বিজ্ঞানের চেয়ারম্যান অধ্যাপক জিন্নাতুন নিসা তাহমিদা বেগম (৫০০) ও ইতিহাসের অধ্যাপক আব্দুল মোমিন চৌধুরী (৪১১)।